অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নভেল করোনাভাইরাসে আরও একজন নিউ ইয়র্কবাসীসহ মোট 10 জন চিহ্নিত হয়েছেন এই মর্মে আপডেট প্রদান করেছেন

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) থেকে পাওয়া চারটি নমুনায় নেগেটিভ ফলাফল পাওয়া গেছে,তিনটির ফলাফল এখনো পাওয়া যায়নি

এখনও পর্যন্ত নিউইয়র্ক স্টেটে আক্রান্ত হওয়ার নিশ্চিত কোনো ঘটনা পাওয়া যায়নি

গভর্নর স্টেটের স্বাস্থ্য দপ্তরকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও প্রস্তুতি চালিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ নিউইয়র্ক স্টেটে নভেল করোনাভাইরাস-এর পরীক্ষার পরিস্থিতি সম্পর্কে আপডেট ঘোষণা করেছেন। আজ পর্যন্ত, নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রে (CDC) 10 জন ব্যক্তির নমুনা পরীক্ষার জন্য প্রেরণ করেছে যেখানে সাতটি নেগেটিভ বলে প্রমাণিত হয়েছে এবং তিনটির ফলাফল এখনো পাওয়া যায়নি। এখনও পর্যন্ত, নিউইয়র্ক স্টেটে আক্রান্ত হওয়ার নিশ্চিত কোনো ঘটনা পাওয়া যায়নি।

"এই নভেল করোনাভাইরাস-এর বিস্তারকে ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করার পাশাপাশি, আমি আমাদের স্বাস্থ্য দপ্তরকে আমাদের স্থানীয় সম্প্রদায়, স্বাস্থ্যসেবা সরবরাহকারী, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং নিউ ইয়র্কের কোম্পানিগুলোকে চায়নায় অবস্থান বা ব্যবসায়ের স্বার্থসমূহ বিষয়ে যোগাযোগ এবং আপডেট প্রদান চালিয়ে যাওয়ার জন্য নির্দেশনা দিয়েছি," **গভর্নর কুওমো বলেন**। "নিউ ইয়র্কবাসীর প্রতি আমার বার্তা হল: এই করোনভাইরাসকে গুরুত্ব সহকারে গ্রহণ করুন, যথাযথ সতর্কতা অবলম্বন করুন, অবহিত থাকুন, তবে আমাদের স্বাস্থ্য দপ্তর (Health Department) এবং এই প্রশাসন প্রস্তুত এবং তৈরি বলে আত্মবিশ্বাসীও থাকুন।"

স্বাস্থ্য দপ্তর নিউইয়র্কের কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলোতে, যার মধ্যে অনেকগুলোতেই চীন থেকে আসা আন্তর্জাতিক শিক্ষার্থীরা রয়েছে, দিকনির্দেশনা প্রদান করে চলেছে, কিভাবে ভাইরাস শনাক্ত করতে পারা যায়, কিভাবে শিক্ষার্থীদের আপডেট করা যায় এবং প্রতিরোধের পদক্ষেপের অগ্রগতিতে সহায়তা করা যায় সে সম্পর্কে।

নোভেল করোনাভাইরাস সম্পর্কে তথ্য পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীকে অসুস্থতার বিরুদ্ধে স্বাভাবিক সতর্কতা অবলম্বন করার জন্য উৎসাহিত করছি, যেমন নিয়মিত হাত ধোয়া এবং অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়ানো। CDC-তে আমাদের অংশীদার এবং স্টেট জুড়ে আমরা কাজ চালিয়ে যাব এবং নিউ ইয়র্কবাসীর সুস্বাস্থ্য নিশ্চিত করার উদ্দেশ্যে যেকোনো প্রয়োজনে সহায়তা করতে প্রস্তুত রয়েছি।"

এই নভেল করোভাইরাসের উপসর্গের অন্তর্ভুক্ত হতে পারে:

- কাশি
- গলা ব্যথা
- জ্বর

এই নভেল করোভাইরাসের জন্য বর্তমানে কোন টিকা না থাকলেও, প্রাত্যিহিক রক্ষণাত্মক পদক্ষেপ এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে, যার মধ্যে রয়েছে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।
- যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি এই এলাকায় ভ্রমণ করেছেন, তাদের উচিৎ তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

নতুন করোনাভাইরাসের বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত প্রতিক্রিয়া বিষয়ে আরো তথ্যের জন্য দেখুন:

https://www.governor.ny.gov/news/governor-cuomo-issues-update-novel-coronavirus-two-more-new-yorkers-identified-testing-bringing

https://www.governor.ny.gov/news/governor-cuomo-announces-states-continued-response-novel-coronavirus-three-more-individuals-are

https://www.governor.ny.gov/news/governor-cuomo-outlines-state-response-first-two-confirmed-cases-novel-coronavirus-united

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন